

৬.১ আদিবাসীদের জমি হস্তান্তরের অনুমতি প্রদান:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন করতে হয়। আবেদনপ্রাপ্তির পর যাচাই করার জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। ইউনিয়ন সহকারী ভূমি অফিসারের নিকট থেকে প্রতিবেদনপ্রাপ্তির পর শুনানির জন্য পত্র দেওয়া হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন, রেকর্ডপত্রাদি এবং শুনানিতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জমি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয় অথবা বাতিল করা হয়। এসএ অ্যান্ড টি অ্যাক্ট, ১৯৫০ এর ৯৭ ধারার বিধান মতে একজন আদিবাসী কেবল অন্য একজন আদিবাসীর নিকট তাঁর জমি হস্তান্তর বা সম্পূর্ণ খাইখালাসী বন্ধক দিতে পারবে। তবে হস্তান্তরগ্রহীতা হিসেবে আদিবাসী পাওয়া না গেলে স্থানীয় রাজস্ব অফিসারের লিখিত অনুমতি নিয়ে আদিবাসী ব্যতীত অন্য কোনো ব্যক্তির নিকট জমি হস্তান্তর করতে পারবে।

সেবা প্রাপ্তি সময়: সাধারণত ২৫ দিন

প্রয়োজনীয় ফি: ২০ টাকার কোর্ট ফি ব্যতিত অন্য কোন খরচ নাই

সেবা প্রাপ্তির স্থান: উপজেলা ভূমি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: ১। সহকারী কমিশনার (ভূমি); ২। ইউনিয়ন সহকারী (ভূমি) কর্মকর্তা

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদনপত্র;
- ২। দাবির/মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র;
- ৩। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি;
- ৪। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের কপি;
- ৫। আদিবাসি হিসেবে সার্টিফিকেট/প্রত্যয়ন।

সেবা প্রাপ্তির শর্তাবলি: দাবির স্বপক্ষে কাগজ সহ আবেদন দাখিল

সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। এসএ অ্যান্ড টি অ্যাক্ট ১৯৫০
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল ১৯৯০

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:

জেলা প্রশাসক

সেবার নাম: আদিবাসীদের জমি হস্তান্তরের অনুমতি প্রদান

